

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ২৯৮৯

88/ তাফসীরুল কুরআন (খুট্রি الله খুট্রি)

পরিচ্ছেদঃ ৩. সুরা আল-বাকারাহ

আরবী

حَدَّقْنَا عَبْدُ بْنُ حُمَيْد، حَدَّقَنَا أَبُو نُعَيْم، حَدَّقَنَا فُضَيْلُ بْنُ مَرْزُوق، عَنْ عَدِي بْنِ قَابِت، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " يَا أَيُّهَا النَّاسُ إِنَّ اللَّهَ طَيِّبٌ وَلاَ يَقْبَلُ إِلاَّ طَيِّبًا وَإِنَّ اللَّهَ أَمَرَ الْمُؤْمِنِينَ بِمَا أَمَرَ بِهِ الْمُرْسَلِينَ فَقَالَ : (يَا أَيُّهَا الرُّسُلُ كُلُوا مِنَ الطَّيِّبَاتِ وَاعْمَلُوا صَالِحًا إِنِّي بِمَا تَعْمَلُونَ عَلِيمٌ) وَقَالَ أَيُّهَا الَّذِينَ آمَنُوا كُلُوا مِنْ طَيِّبَاتِ مَا رَزَقْنَاكُمْ) " . قَالَ وَذَكَرَ الرَّجُلَ يُطِيلُ السَّفَرَ أَشْعَتَ النَّيْمَا يَنْ مَرْدُوقٍ وَأَبُو عَيسَى هَذَا حَديثٌ حَسَنٌ غَرِيبٌ وَإِنَّمَا وَغُذِي بِالْحَرَامِ فَأَنَى يُسْتَجَابُ لِذَلِكَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَديثٌ حَسَنٌ غَرِيبٌ وَإِنَّمَا وَغُرْفَة مِنْ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ وَإِنَّمَا الْشَجْعِيُّ اسْمُهُ سَلْمَانُ مَوْلَى عَزَّة وَلُقَا الْأَشْجَعِيُّ اسْمُهُ سَلْمَانُ مَوْلَى عَزَّة الْأَشْجَعِيُّ اسْمُهُ سَلْمَانُ مَوْلَى عَزَّة الْأَشْجَعِيُّ اسْمُهُ سَلْمَانُ مَوْلَى عَزَّة

বাংলা

২৯৮৯। আবৃ হুরাইরাহ (রাযিঃ) হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ হে লোক সকল! আল্লাহ তা'আলা পবিত্র। তিনি পবিত্র জিনিস ব্যতীত কিছু কুবুল করেন না। আল্লাহ তার রাসূলদেরকে যেসব বিষয়ের হুকুম দিয়েছেন, মুমিনদেরকেও সেসব বিষয়ের হুকুম দিয়েছেন। তিনি বলেছেনঃ "হে রাসূলগণ! তোমরা পবিত্র বস্তু হতে আহার কর এবং সৎকাজ কর। তোমরা যা কর সে সম্বন্ধে আমি সবিশেষ অবগত"- (সূরাঃ আল-মু'মিনূন ৫১)।

তিনি আরো বলেনঃ "হে মু'মিনগণ! তোমাদেরকে আমি যে রিথিক দিয়েছি তা হতে পবিত্র বস্তু আহার কর"— (সূরাঃ আল-বাকারাহ ১৭২)। বর্ণনাকারী বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তির কথা উল্লেখ করলেন, দীর্ঘ সফরের ক্লান্তিতে যার মাথার চুল বিক্ষিপ্ত, অবিন্যস্ত এবং সারা শরীর ধূলি মলিন। সে আসমানের দিকে হাত দরায করে বলে, হে আমার প্রভূ! হে আমার প্রতিপালক! অথচ তার খাদ্য ও পানীয় হারাম, তার পোশাক হারাম, তার জীবন জীবিকাও হারাম। এমতাবস্থায় তার দু'আ কিভাবে কুবুল হতে পারে।



হাসানঃ গাইয়াতুল মারাম (২৭), মুসলিম।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি হাসান গারীব। আমরা এটিকে ফুযাইল ইবনু মারযুকের হাদীস হিসেবে জানি। আবূ হাযিম হচ্ছেন আবৃ হাযিম আল-আশজাঈ। তার নাম সালমান, 'আজ্জা আল-আশজাইয়ার মুক্তদাস।

English

Narrated Abu Hurairah:

that the Messenger of Allah (ﷺ) said: "O you people! Indeed Allah is Tayyib (good) and he does not accept but what is good. And indeed Allah ordered the believers with what He ordered the Messengers. He (ﷺ) said: 'O you Messengers! Eat of the good things and do righteous deeds. Verily I am well acquainted with what you do (23:51).' And He said: 'O you who believe! Eat from the good things We have provided you (2:172).' He said: "And he mentioned a man: 'Who is undertaking a long journey, whose hair is dishevelled and he is covered with dust. He raises his hands to the heavens and says: "O Lord! O Lord!" Yet his food is from the unlawful, his drink is from the unlawful, his clothing is from the unlawful, and he was nourished by the unlawful. So how can that be accepted?'"

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন